∴ প্রিজমটির বক্রতলের ক্ষেত্রফল

$$= 8 \times 5 \text{ বর্গ সেমি}$$

$$= 8 \times 5 \times 5 \text{ বর্গ সেমি}$$

$$= 200 \text{ বর্গ সেমি}$$

(iii)

প্রিজমটির আয়তন

$$= \text{ভূমির ক্ষেত্রফল} \times \text{উচ্চতা}$$

$$= 120.710678 \times 5 \text{ ঘন সেমি [(i) নং থেকে মান বসিয়ে]}$$

$$= 603.55339 \text{ ঘন সেমি (প্রায়)}$$

৭. $8\sqrt{2}$ মিটার দৈর্ঘ্যবিশিষ্ট বর্গাকৃতি ভূমির উপর ঠিক মাঝখানে $\sqrt{66}$ মিটার উঁচু একটি খুঁটি স্থাপন করে তাবুটি নির্মাণ করা হয়েছে।

(i) তাবুটির ধারের দৈর্ঘ্য নির্ণয় করো।

সমাধানঃ

প্রশ্ন অনুসারে তাবুটি পিরামিড আকৃতির যার ভূমির প্রতি বাহুর দৈর্ঘ্য $8\sqrt{2}$ মিটার।

এর উচ্চতা $h = \sqrt{66}$ মিটার যা বর্গাকৃতি ভূমির উপর ঠিক মাঝখানে একটি খুঁটি।

অর্থাৎ, খুঁটিটি বর্গাকৃতি ভূমির কর্ণদ্বয়ের ছেদবিন্দুতে বা যেকোন কর্ণের মাঝ বিন্দুতে অবস্থান করছে।


এখন, আমরা জানি,

$$\text{বর্গের এক বাহুর দৈর্ঘ্য } a \text{ হলে, বর্গের কর্ণের দৈর্ঘ্য} = a\sqrt{2}$$


$$\text{তাহলে, প্রদত্ত ভূমির কর্ণের দৈর্ঘ্য} = 8\sqrt{2} \cdot \sqrt{2} \text{ মিটার} = 16 \text{ মিটার।}$$

$$\text{এবং, কর্ণের অর্ধাংশের দৈর্ঘ্য} = \frac{16}{2} \text{ মিটার} = 8 \text{ মিটার।}$$

এখন নিম্নোক্ত চিত্রটি লক্ষ্য করি এবং পিরামিডটির ধারের দৈর্ঘ্য নির্ণয় করিঃ



← অষ্টম অধ্যায় (অনুশীলনীঃ - ১-৮...



$AB = h = \sqrt{66}$ মিটার যা ভূমির উপর লম্ব

$BC = 8$ মিটার যা কর্ণের অর্ধেক

$AC =$ পিরামিডের ধার যা নির্ণয় করতে হবে।

চিত্রমতে,

$$AC^2 = AB^2 + BC^2$$

$$\text{বা, } AC^2 = (\sqrt{66})^2 + (8)^2$$

$$\text{বা, } AC^2 = 66 + 16$$


$$\text{বা, } AC^2 = 82$$

$$\text{বা, } AC = \sqrt{82} \text{ মিটার}$$


(ii) প্রতি বর্গমিটার 200 টাকা হিসাবে কত টাকার কাপড় কিনতে হয়েছে?

সমাধানঃ

নিচের চিত্রটি লক্ষ্য করি,



← অষ্টম অধ্যায় (অনুশীলনীঃ - ১-৮...



AB = S = হেলানো উচ্চতা

AC = পিরামিডের ধার

BC = $\frac{1}{2} \times$ ভূমির বাহুর দৈর্ঘ্য

এবং এখানে, $S = \sqrt{AC^2 - BC^2}$

এখন প্রদত্ত পিরামিডের হেলানো উচ্চতার ক্ষেত্রে,

$$S^2 = (\sqrt{82})^2 - \left\{ \frac{1}{2}(8\sqrt{2}) \right\}^2 \text{ [মান বসিয়ে]}$$

$$\text{বা, } S^2 = 82 - 32$$

$$\text{বা, } S^2 = 50$$

$$\text{বা, } S = \sqrt{50}$$

এখন,

পিরামিডটির পার্শ্বতলের ক্ষেত্রফল

$$= \frac{1}{2}(\text{ভূমির পরিসীমা} \times \text{হেলানো উচ্চতা}) \text{ বর্গ একক}$$


$$= \frac{1}{2} \times 4 \times 8\sqrt{2} \times \sqrt{50} \text{ বর্গ মিটার}$$

$$= 160 \text{ বর্গ মিটার।}$$

If it is helpful for you,
donate us please

Bkash Personal

01916973743



← অষ্টম অধ্যায় (অনুশীলনীঃ - ১-৮...

এখন,

1 বর্গমিটারের জন্য কাপড় কিনতে হয়েছে 200 টাকা

∴ 160 বর্গমিটারের জন্য কাপড় কিনতে হয়েছে 200×160 টাকা = 32000 টাকা

(iii) তাবুটির মধ্যে কতটুকু বায়ুপূর্ণ ফাঁকা জায়গা পাওয়া গেছে তা নির্ণয় করো।

সমাধানঃ

আমরা জানি,

পিরামিডের আয়তন = $\frac{1}{3} \times (\text{ভূমির ক্ষেত্রফল} \times \text{উচ্চতা})$ ঘন একক

∴ তাবুটির আয়তন

$$= \frac{1}{3} \times (8\sqrt{2})^2 \times \sqrt{66} \text{ ঘন মিটার [মান বসিয়ে]}$$

$$= 30.6376 \text{ ঘন মিটার (প্রায়)}$$

অর্থাৎ,

তাবুটির মধ্যে প্রায় 30.6376 ঘন মিটার বায়ুপূর্ণ ফাঁকা জায়গা পাওয়া গেছে।

৮. $\sqrt{67}$ মিটার ধারবিশিষ্ট একটি পিরামিড 6 মিটার বাহুবিশিষ্ট বর্গাকৃতি ভূমির উপর অবস্থিত।

(i) পিরামিডটির উচ্চতা নির্ণয় করো।


সমাধানঃ

দেওয়া আছে,

পিরামিডের ধার = $\sqrt{67}$ মিটার

ভূমির বাহুর দৈর্ঘ্য = 6 মিটার

যেহেতু পিরামিডটির ভূমি বর্গাকৃতি সেহেতু এর উচ্চতা রেখার নিম্ন বিন্দুর অবস্থান ভূমির কর্ণের দৈর্ঘ্যের মাঝ বিন্দুতে পাবে।




← অষ্টম অধ্যায় (অনুশীলনীঃ - ১-৮...

বর্গাকৃতি ভূমির কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{2} \times 6$ মিটার।

\therefore কর্ণের অর্ধেক = $\sqrt{2} \times 3$ মিটার = $3\sqrt{2}$ মিটার।

এবার নিচের চিত্রটি লক্ষ করি,



চিত্র অনুসারে,

$AC = \sqrt{67}$ মিটার; $BC = 3\sqrt{2}$ মিটার

$\therefore AB^2 = AC^2 - BC^2$

বা, $AB^2 = (\sqrt{67})^2 - (3\sqrt{2})^2$

বা, $AB^2 = 67 - 18$

বা, $AB^2 = 49$

বা, $AB = 7$ মিটার।


\therefore পিরামিডটির উচ্চতা 7 মিটার।

(ii) পিরামিডটির সমগ্রতলের ক্ষেত্রফল কত?

If it is helpful for you,
donate us please

Bkash Personal


01916973743



← অষ্টম অধ্যায় (অনুশীলনীঃ - ১-৮...

সমাধানঃ

নিচের চিত্রটি লক্ষ করি,



চিত্র অনুসারে আমরা প্রদত্ত পিরামিডের ক্ষেত্রে লিখতে পারি,

$$AC = \sqrt{67} \text{ মিটার} = \text{পিরামিডের ধার}$$

$$BC = \frac{6}{2} \text{ মিটার} = 3 \text{ মিটার} = \text{ভূমির বাহুর অর্ধাংশ}$$

$$AB^2 = S^2 = AC^2 - BC^2$$

$$S^2 = (\sqrt{67})^2 - 3^2$$

$$S^2 = 67 - 9$$

$$S^2 = 58$$

$$S = \sqrt{58} \text{ মিটার।}$$

$$\therefore \text{পিরামিডের হেলানো উচ্চতা } S = \sqrt{58} \text{ মিটার।}$$


এখন,

পিরামিডের সমগ্রতলের ক্ষেত্রফল

If it is helpful for you,
donate us please

Bkash Personal

01916973743





অষ্টম অধ্যায় (অনুশীলনীঃ - ১-৮...

= ভূমির ক্ষেত্রফল + $\frac{1}{2}$ (ভূমির পরিসীমা \times হেলানো উচ্চতা) বর্গ একক

= $6^2 + \frac{1}{2}(4 \times 6 \times \sqrt{58})$ বর্গ মিটার

= $36 + 91.389277$ বর্গ মিটার

= 127.38927 বর্গ মিটার (প্রায়)

(iii) পিরামিডটির আয়তন নির্ণয় করো।

সমাধানঃ

(i) নং থেকে পাই,

পিরামিডের উচ্চতা = 7 মিটার।

বর্গাকৃতি ভূমির বাহুর দৈর্ঘ্য = 6 মিটার

\therefore পিরামিডটির আয়তন

= $\frac{1}{3}$ (ভূমির ক্ষেত্রফল \times উচ্চতা) ঘন মিটার


= $\frac{1}{3} \times 6^2 \times 7$ ঘন মিটার

= 84 ঘন মিটার

If it is helpful for you,
donate us please

Bkash Personal

01916973743





অধ্যায় - ৮

সুষম ও যৌগিক ঘনবস্তু পরিমাপ (২) - Class 9 Math BD 2024 – ৮ম
অধ্যায় (অনুশীলনীঃ ৯-১৪ পর্যন্ত)


সুষম ও যৌগিক ঘনবস্তু পরিমাপ

পূর্বেই আমরা সুষম ও যৌগিক ঘনবস্তু পরিমাপ অধ্যায়ের ১-৮ পর্যন্ত সমাধান প্রকাশ করেছি আর এটা হলে এই অধ্যায়ের ৯-১৪ পর্যন্ত সমাধান। এখানে আছে - বিভিন্ন যৌগিক ঘনবস্তুর ক্ষেত্রফল, আয়তন ভিত্তিক প্রশ্ন ও তার সমাধান। যেমনঃ কোণক ও অর্ধগোলক, কোণক ও বেলন, বেলন ও প্রিজম ও পিরামিড, অর্ধগোলক ও সিলিন্ডার, কোণক ও অর্ধগোলক, কোণক, বেলন ও অর্ধগোলক ইত্যাদি। তাহলে, সুষম ও যৌগিক ঘনবস্তু পরিমাপ এর ৯-১৪ সমাধান শুরু করা যাক-

প্রথম অংশ ১-৮ এর লিঙ্কঃ [এখানে দেখ](#)

৮ম অধ্যায় (২য় অংশ)

৯. চিত্রের যৌগিক ঘনবস্তুটির নিম্নাংশের ভূমির ব্যাস ৪ মিটার এবং উচ্চতা ৫ মিটার। উপরের অংশের হেলানো উচ্চতা ৩ মিটার।





৮ম অধ্যায় (অনুশীলনীঃ ৯-১৪ প...



(i) ঘনবস্তুটির নিম্নাংশের বক্রতল রং করতে প্রতি বর্গমিটারে 450 টাকা খরচ হলে মোট কত টাকা লাগবে?

সমাধানঃ

চিত্র অনুসারে ঘনবস্তুটির নিম্নের অংশটিকে সিলিন্ডার বা বেলন বলে।

যার ব্যাস = 4 মিটার;

∴ সিলিন্ডারের ব্যাসার্ধ $r = 4/2$ মিটার = 2 মিটার।

এবং সিলিন্ডারের উচ্চতা $h = 5$ মিটার।

∴ সিলিন্ডারের বক্রতলের ক্ষেত্রফল

= $2\pi rh$ বর্গ মিটার

= $2 \times 3.1416 \times 2 \times 5$ বর্গ মিটার [$\because \pi = 3.1416$]

= 62.832 বর্গ মিটার

এখন,

বক্রতল রং করতে 1 বর্গমিটারে খরচ হয় 450 টাকা

∴ বক্রতল রং করতে 62.832 বর্গমিটারে খরচ হয় 450×62.832 টাকা = 28274.4 টাকা।

(ii) ঘনবস্তুটির সমগ্রতলের ক্ষেত্রফল কত?

সমাধানঃ

চিত্র অনুসারে ঘনবস্তুটি একটি কোণক ও একটি বেলনের সমন্বয়ে গঠিত যেখানে বেলনের একটি ভূমি ও কোণকের ভূমি একই।

অর্থাৎ, বেলনের ভূমির ব্যাসার্ধ = কোণকের ভূমির ব্যাসার্ধ = $r = 2$ মিটার [(i) নং থেকে পাই]

এছাড়া দেওয়া আছে,





৮ম অধ্যায় (অনুশীলনীঃ ৯-১৪ প...

গোলকের হেলানো উচ্চতা $l = 3$ মিটার

∴ ঘনবস্তুটির ক্ষেত্রফল

= কোণকের বক্রতলের ক্ষেত্রফল + বেলনের বক্রতলের ক্ষেত্রফল + ভূমির ক্ষেত্রফল [উল্লেখ্যঃ কোণকের ভূমি যেহেতু কোণক ও বেলনের মাঝে যুক্ত তাই এর ক্ষেত্রফল হিসাবের দরকার নাই]

$$= nr\pi + 62.832 + \pi r^2 \quad [∵ 62.832 \text{ এর মান (i) নং থেকে পাই}]$$

$$= 3.1416 \times 2 \times 3 + 62.832 + 3.1416 \times 2^2 \text{ বর্গ মিটার}$$

$$= 18.8496 + 62.832 + 12.5664 \text{ বর্গ মিটার}$$

$$= 94.248 \text{ বর্গ মিটার}$$

(iii) ঘনবস্তুটির আয়তন নির্ণয় করো।

সমাধানঃ

কোণকের ক্ষেত্রে আমরা পাই,

ভূমির ব্যাসার্ধ $r = 2$ মিটার

হেলানো উচ্চতা $l = 3$ মিটার

কোণকের উচ্চতা h_1 হলে,

$$l^2 = h_1^2 + r^2$$

$$\text{বা, } 3^2 = h_1^2 + 2^2$$

$$\text{বা, } 9 = h_1^2 + 4$$

$$\text{বা, } h_1^2 = 5$$

$$\text{বা, } h_1 = \sqrt{5}$$

বেলনের ক্ষেত্রে,

If it is helpful for you,
donate us please

Bkash Personal

01916973743





৮ম অধ্যায় (অনুশীলনীঃ ৯-১৪ প...

ভূমির ব্যাসার্ধ $r = 2$ মিটার

উচ্চতা $h = 5$ মিটার

∴ ঘনবস্তুর আয়তন

= বেলনের আয়তন + কোণকের আয়তন

$$= nr^2h + \frac{1}{3}nr^2h_1$$


$$= 3.1416 \times 2^2 \times 5 + \frac{1}{3} \times 3.1416 \times 2^2 \times \sqrt{5}$$

$$= 62.832 + 9.36644$$

$$= 72.19844 \text{ ঘন মিটার (প্রায়)}$$

[বিদ্রঃ এই প্রশ্নে ভূমির ব্যাস না থেকে যদি ব্যাসার্ধ 4 মিটার থাকতো তাহলে চিত্র ও প্রশ্ন অধিকতর সুন্দর ও সাবলিল হতো। সুসম ও যৌগিক ঘনবস্তু পরিমাপ অধ্যয়ের সমাধানে কোন ভুল বা ইস্যু পেলে সন্তর আমাদের জানানোর অনুরোধ থাকলো, আমরা সর্বদা সঠিকতা বজায় রাখতে বদ্ধ পরিকর।]

১০. চিত্রের যৌগিক ঘনবস্তুটি যে আয়তাকার ভূমির উপর অবস্থিত তার দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে 6 মিটার ও 4 মিটার এবং নিচের অংশের উচ্চতা 7 মিটার। উপরের অংশের ধারের দৈর্ঘ্য 7.5 মিটার।



(i) ঘনবস্তুর নিম্নাংশের চতুর্দিকে লোহার পাত লাগাতে প্রতি বর্গমিটারে 2250 টাকা খরচ হলে মোট কত টাকা লাগবে?





৮ম অধ্যায় (অনুশীলনীঃ ৯-১৪ প...

সমাধানঃ

ঘনবস্তুটির নিম্নাংশ একটি প্রিজম আকৃতির যার

দৈর্ঘ্য = 6 মিটার; প্রস্থ = 4 মিটার ও উচ্চতা = 7 মিটার।

∴ ঘনবস্তুটির নিম্নাংশ এর চারটি আয়তাকার পার্শ্বতলের ক্ষেত্রফল

= ভূমির পরিসীমা × উচ্চতা

= (6+4+6+4)×7

= 20×7

= 140 বর্গ মিটার

এখন,

ঘনবস্তুটির নিম্নাংশের চতুর্দিকে লোহার পাত লাগাতে,

1 বর্গমিটারে খরচ হয় 2250 টাকা

∴ 140 বর্গমিটারে খরচ হয় 2250×140 টাকা = 315000 টাকা।

(ii) ঘনবস্তুটির উপরের অংশের ক্ষেত্রফল নির্ণয় করো।

সমাধানঃ

ঘনবস্তুটির উপরের অংশটি একটি বিষম পিরামিড যার

প্রতিটি ধারের দৈর্ঘ্য = 7.5 মিটার;

ভূমির একটি বাহুর দৈর্ঘ্য = 4 মিটার এবং অন্য বাহুর দৈর্ঘ্য = 6 মিটার।

আমরা জানি,

সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{b}{4}\sqrt{(4a^2-b^2)}$ যেখানে a সমদ্বিবাহু ও b ভূমি বা বিষমবাহু নির্দেশ করে।

তাহলে,

পিরামিডের 4 মিটার বাহু বিশিষ্ট দুইটি বিপরীতমুখী ত্রিভুজের ক্ষেত্রফল





৮ম অধ্যায় (অনুশীলনীঃ ৯-১৪ প...

$$= 2 \times \frac{4}{4} \sqrt{\{4 \cdot (7.5)^2 - 4^2\}}$$

$$= 2 \sqrt{\{4 \times 56.25 - 16\}}$$

$$= 2 \sqrt{209}$$

$$= 28.91366 \text{ বর্গ মিটার (প্রায়)}$$

পিরামিডের 6 মিটার বাহু বিশিষ্ট দুইটি বিপরীতমুখী ত্রিভুজের ক্ষেত্রফল

$$= 2 \times \frac{6}{4} \sqrt{\{4 \cdot (7.5)^2 - 6^2\}}$$

$$= 3 \sqrt{\{4 \times 56.25 - 36\}}$$

$$= 3 \sqrt{189}$$

$$= 41.24318 \text{ বর্গ মিটার (প্রায়)}$$

পিরামিডের ভূমির ক্ষেত্রফল

$$= 6 \times 4 \text{ বর্গ মিটার}$$

$$= 24 \text{ বর্গ মিটার}$$

∴ ঘনবস্তুটির উপরের অংশের ক্ষেত্রফল

$$= (28.91366 + 41.24318 + 24) \text{ বর্গ মিটার}$$

$$= 94.15684 \text{ বর্গ মিটার (প্রায়)}$$

(iii) ঘনবস্তুটির আয়তন নির্ণয় করো।

সমাধানঃ

ঘনবস্তুটির আয়তন

$$= \text{বিষম পিরামিডের আয়তন} + \text{প্রিজমের ক্ষেত্রফল}$$


এখন, পিরামিডের আয়তন নির্ণয়ের ক্ষেত্রে, সমান ধারবিশিষ্ট পিরামিডের শীর্ষ থেকে ভূমিতে লম্ব আকলে





৮ম অধ্যায় (অনুশীলনীঃ ৯-১৪ প...

তা ভূমির কর্ণের মধ্যবিন্দুতে পতিত হবে। নিচের চিত্রটি লক্ষ্য করিঃ-



পিরামিডের ভূমির কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{(6^2+4^2)}$ মিটার = $\sqrt{52}$ মিটার = $2\sqrt{13}$ মিটার।

চিত্র অনুসারে,

$BC = \sqrt{13}$ মিটার; $AC = 7.5$ মিটার

$$AB^2 = AC^2 - BC^2$$

$$\text{বা, } AB^2 = (7.5)^2 - (\sqrt{13})^2$$

$$\text{বা, } AB^2 = 43.25$$

$$\text{বা, } AB = h = \sqrt{43.25} \text{ মিটার}$$

∴ বিষম পিরামিডটির আয়তন

$$= \frac{1}{3} \times \text{ভূমির ক্ষেত্রফল} \times \text{উচ্চতা}$$

$$= \frac{1}{3} \times (6 \times 4) \times \sqrt{43.25} \text{ ঘন মিটার}$$

$$= 52.6117857 \text{ ঘন মিটার (প্রায়)}$$

এবং,

প্রিজমটির আয়তন

If it is helpful for you,
donate us please

Bkash Personal

01916973743





৮ম অধ্যায় (অনুশীলনীঃ ৯-১৪ প...


= ভূমির ক্ষেত্রফল \times উচ্চতা

= $6 \times 4 \times 7$ ঘন মি

= 168 ঘন মি

\therefore ঘনবস্তুটির আয়তন = $(52.6117857 + 168)$ ঘন মি = 220.611786 ঘন মি।

১১. চিত্রের যৌগিক ঘনবস্তুটির ভূমির ব্যাসার্ধ 10 সেন্টিমিটার এবং নিম্নাংশের উচ্চতা 16 সেন্টিমিটার।



(1) ঘনবস্তুটির উপরের অংশ অর্ধগোলাকার হলে ঘনবস্তুটির উচ্চতা কত?

সমাধানঃ

যেহেতু ঘনবস্তুটির উপরের অংশ অর্ধগোলাকার সেহেতু এর ব্যাসার্ধ এই অর্ধগোলাকারের উচ্চতা হবে।

চিত্র অনুসারে,

অর্ধগোলাকারের উচ্চতা = ব্যাসার্ধ = 10 সেমি।

এবং ঘনবস্তুটির নিম্নাংশের উচ্চতা = 16 সেমি।

তাহলে,

ঘনবস্তুটির উচ্চতা = $10 + 16$ সেমি = 26 সেমি।





৮ম অধ্যায় (অনুশীলনীঃ ৯-১৪ প...

(ii) ঘনবস্তুটির উপরের অংশের ক্ষেত্রফল নির্ণয় করো।

সমাধানঃ

ঘনবস্তুটির উপরের অংশটি একটি অর্ধগোলক যার

ব্যাসার্ধ $r = 10$ সেমি

\therefore অর্ধগোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল

$$= 2\pi r^2 \text{ বর্গ সেমি}$$

$$= 2 \times 3.1416 \times 10^2 \text{ বর্গ সেমি}$$

$$= 628.32 \text{ বর্গ সেমি}$$

আবার,

অর্ধগোলকের ভূমির ক্ষেত্রফল

$$= \pi r^2 \text{ বর্গ সেমি}$$

$$= 3.1416 \times 10^2 \text{ বর্গ সেমি}$$

$$= 314.16 \text{ বর্গ সেমি}$$

$$\text{অর্ধগোলকের ক্ষেত্রফল} = (628.32 + 314.16) \text{ বর্গ সেমি} = 942.48 \text{ বর্গ সেমি.}$$

(iii) ঘনবস্তুটির সমগ্রতলের ক্ষেত্রফল কত?

সমাধানঃ

ঘনবস্তুটিতে একটি অর্ধগোলকের পৃষ্ঠতল, একটি সিলিন্ডারের বক্রতল ও সর্বনিম্নে বৃত্তাকার ভূমির তল আছে।

\therefore ঘনবস্তুটির সমগ্রতলের ক্ষেত্রফল

$$= \text{অর্ধগোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল} + \text{সিলিন্ডারের বক্রতলের ক্ষেত্রফল} + \text{বৃত্তাকার ভূমির ক্ষেত্রফল}$$





৮ম অধ্যায় (অনুশীলনীঃ ৯-১৪ প...

$$= 2\pi r^2 + 2\pi rh + \pi r^2 \text{ বর্গ সেমি}$$

$$= 2 \times 3.1416 \times 10^2 + 2 \times 3.1416 \times 10 \times 16 + 3.1416 \times 10^2 \text{ বর্গ সেমি}$$

$$= 1319.472 \text{ বর্গ সেমি}$$

(iv) ঘনবস্তুটির আয়তন নির্ণয় করো।

সমাধানঃ

ঘনবস্তুটির আয়তন

$$= \text{অর্ধগোলকটির আয়তন} + \text{সিলিন্ডারটির আয়তন}$$

এখন, আমরা জানি,

$$\text{গোলকের আয়তন (ব্যাসার্ধ } r \text{ হলে)} = \frac{4}{3} \pi r^3 \text{ ঘন একক।}$$

$$\therefore \text{অর্ধগোলকের আয়তন} = \frac{4}{6} \pi r^3 \text{ ঘন একক।}$$

এবং,

$$\text{সিলিন্ডারের আয়তন (ব্যাসার্ধ } r \text{ ও উচ্চতা } h \text{ হলে)} = \pi r^2 h \text{ ঘন একক।}$$


$$\therefore \text{ঘনবস্তুটির আয়তন}$$


$$= \left(\frac{4}{6} \pi r^3 + \pi r^2 h\right) \text{ ঘন একক}$$

$$= \left(\frac{4}{6} \times 3.1416 \times 10^3 + 3.1416 \times 10^2 \times 16\right) \text{ ঘন একক}$$

$$= 7120.96 \text{ ঘন একক।}$$

১২. চিত্রের যৌগিক ঘনবস্তুটি ভালো করে লক্ষ করো।





(i) ঘনবস্তুটির হেলানো তলের দৈর্ঘ্য কত?

সমাধানঃ

ঘনবস্তুটির উপরের অংশ কোণক আকৃতির যার

উচ্চতা $h = 10$ cm;

ভূমির ব্যাসার্ধ $r = 10$ cm

এবং এর হেলানো উচ্চতা l হলে চিত্র অনুসারে পাই,

$$l^2 = h^2 + r^2$$

$$\text{বা, } l^2 = 10^2 + 10^2$$

$$\text{বা, } l^2 = 200$$

$$\text{বা, } l = \sqrt{200} = 14.1421356 \text{ cm [প্রায়]}$$

(ii) ঘনবস্তুটির উপরের অংশের ক্ষেত্রফল নির্ণয় করো।

সমাধানঃ

ঘনবস্তুটির উপরের অংশ কোণক আকৃতির যার সমগ্রতলের ক্ষেত্রফল

$$= (nr^2 + nrl) \text{ বর্গ একক}$$

$$= (3.1416 \times 10^2 + 3.1416 \times 10 \times \sqrt{200}) \text{ বর্গ সেমি}$$

$$= 758.4493 \text{ বর্গ সেমি (প্রায়)}$$



← ৮ম অধ্যায় (অনুশীলনীঃ ৯-১৪ প...

∴ ঘনবস্তুটির উপরের অংশের ক্ষেত্রফল 758.4493 বর্গ সেমি (প্রায়)

(iii) ঘনবস্তুটির সমগ্রতলের ক্ষেত্রফল কত?

সমাধানঃ

ঘনবস্তুটিতে দুইটি তল আছে, একটি হলো কোণকের বক্রতল ও অপরটি হলো অর্ধগোলকের পৃষ্ঠতল।

∴ ঘনবস্তুটির সমগ্রতলের ক্ষেত্রফল

= কোণকটির বক্রতলের ক্ষেত্রফল + অর্ধগোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল

= $(nr\ell + 2\pi r^2)$ বর্গ একক

= $(3.1416 \times 10 \times \sqrt{200} + 2 \times 3.1416 \times 10^2)$ বর্গ সেমি [(i) নং থেকে। ও চিত্র হতে r এর মান বসিয়ে]

= 1072.60933 বর্গ সেমি (প্রায়)

(iv) ঘনবস্তুটির আয়তন নির্ণয় করো।

সমাধানঃ

ঘনবস্তুটির আয়তন

= কোণকটির আয়তন + অর্ধগোলকের আয়তন

= $(\frac{1}{3}\pi r^2 h + \frac{2}{3}\pi r^2)$ ঘন একক

= $(\frac{1}{3} \times 3.1416 \times 10^2 \times 10 + \frac{2}{3} \times 3.1416 \times 10^2)$ ঘন একক [চিত্র হতে মান বসিয়ে]


= 1256.64 ঘন সেমি।

১৩. চিত্রের যৌগিক ঘনবস্তুটি ভালো করে লক্ষ করো।





৮ম অধ্যায় (অনুশীলনীঃ ৯-১৪ প...



(i) ঘনবস্তুটির উপরের অংশের ক্ষেত্রফল নির্ণয় করো।

সমাধানঃ

ঘনবস্তুটির উপরের অংশ কোণক আকৃতির যার সমগ্রতলের ক্ষেত্রফল

$$= (nr^2 + nrl) \text{ বর্গ একক}$$

এখানে,

কোণকের ভূমির ব্যাসার্ধ $r = 5$; উচ্চতা $h = 12$;

এর হেলানো উচ্চতা l হলে আমরা লিখতে পারি,

$$l^2 = h^2 + r^2$$

$$\text{বা, } l^2 = 12^2 + 5^2$$

$$\text{বা, } l^2 = h^2 + r^2$$

$$\text{বা, } l^2 = 169$$

$$\text{বা, } l = 13$$

\therefore ঘনবস্তুটির উপরের অংশের ক্ষেত্রফল

$$= (nr^2 + nrl) \text{ বর্গ একক}$$

$$= (3.1416 \times 5^2 + 3.1416 \times 5 \times 13) \text{ বর্গ একক}$$

$$= 282.744 \text{ বর্গ একক.}$$

If it is helpful for you,
donate us please

Bkash Personal

01916973743





৮ম অধ্যায় (অনুশীলনীঃ ৯-১৪ প...

(ii) ঘনবস্তুটির উচ্চতা কত?

সমাধানঃ

ঘনবস্তুটি লক্ষ্য করি,

এটি একটি কোণক, একটি বেলন ও একটি অর্ধগোলকের দ্বারা গঠিত। অর্থাৎ এই তিনটি আকৃতির উচ্চতার সমষ্টিই হলো ঘনবস্তুটির উচ্চতা।

চিত্র অনুসারে,

কোণকের উচ্চতা = 12 একক

বেলনের উচ্চতা = 5 একক

অর্ধগোলকের উচ্চতা = অর্ধগোলকের ব্যাসার্ধ = 5 একক

∴ ঘনবস্তুটির উচ্চতা = (12+5+5) একক = 22 একক।

(iii) ঘনবস্তুটির সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় করো।

সমাধানঃ

ঘনবস্তুটিতে তনটি তল আছে, (i) কোণকের বক্রতল, (ii) বেলনের বক্রতল ও (iii) অর্ধগোলকের পৃষ্ঠতল।

∴ ঘনবস্তুটির সমগ্রতলের ক্ষেত্রফল

= কোণকের বক্রতলের ক্ষেত্রফল + বেলনের বক্রতলের ক্ষেত্রফল + অর্ধগোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল

= $nrl + 2nrh + 2nr^2$ বর্গ একক [সূত্র বসিয়ে]

[এখানে, $n=3.1416$; $r=5$ একক; কোণকের হেলানো উচ্চতা $l=13$ {(i) নং থেকে}; বেলনের উচ্চতা $h=5$]

= $(3.1416 \times 5 \times 13 + 2 \times 3.1416 \times 5 \times 5 + 2 \times 3.1416 \times 5^2)$ বর্গ একক

= 518.364 বর্গ একক

(iv) ঘনবস্তুটির আয়তন নির্ণয় করো।





সমাধানঃ

ঘনবস্তুটির আয়তন

= কোণকটির আয়তন + বেলনটির আয়তন + অর্ধগোলকের আয়তন


= $(\frac{1}{3}\pi r^2 h_1 + \pi r^2 h_2 + \frac{2}{3}\pi r^3)$ ঘন একক [সূত্র বসিয়ে]

[এখানে, $\pi = 3.1416$; $r = 5$ একক; কোণকের উচ্চতা $h_1 = 12$ একক; বেলনের উচ্চতা $h_2 = 5$ একক]

= $(\frac{1}{3} \times 3.1416 \times 5^2 \times 12 + 3.1416 \times 5^2 \times 5 + \frac{2}{3} \times 3.1416 \times 5^3)$ ঘন একক

= 759.22 ঘন একক

১৪. চিত্রে একটি অর্ধগোলক ও কোণক একটি সিলিন্ডারের মধ্যে ঠিক বসে গেছে।



(i) কোণকের বক্রতলের ক্ষেত্রফল নির্ণয় করো।

সমাধানঃ

চিত্র হতে পাই,

কোণকের উচ্চতা $h = 12$ সেমি এবং ভূমির ব্যাসার্ধ $r = 6$ সেমি।

এখন, কোণকের হেলানো উচ্চতা l হলে,





৮ম অধ্যায় (অনুশীলনীঃ ৯-১৪ প...

$$l^2 = h^2 + r^2$$

$$\text{বা, } l^2 = 12^2 + 6^2$$

$$\text{বা, } l^2 = 180$$

$$\text{বা, } l = \sqrt{180}$$

∴ কোণকের বক্রতলের ক্ষেত্রফল

$$= \pi r l \text{ বর্গ একক}$$

$$= 3.1416 \times 6 \times \sqrt{180} \text{ বর্গ সেমি}$$

$$= 252.8939 \text{ বর্গ সেমি (প্রায়)}$$

If it is helpful for you,
donate us please

Bkash Personal

01916973743

(ii) অর্ধগোলকের বক্রতলের ক্ষেত্রফল বের করো।

সমাধানঃ

আমরা জানি,

অর্ধগোলকের বক্রতলের ক্ষেত্রফল

$$= 2\pi r^2 \text{ বর্গ একক [সূত্র বসিয়ে, যেখানে অর্ধগোলকের ব্যাসার্ধ } r = 6 \text{ সেমি]}$$

$$= 2 \times 3.1416 \times 6^2 \text{ বর্গ সেমি}$$

$$= 226.1952 \text{ বর্গ সেমি।}$$

(iii) সিলিন্ডারের ফাঁকা অংশের আয়তন নির্ণয় করো।

সমাধানঃ

সিলিন্ডারের আয়তন

$$= \pi r^2 h \text{ ঘন একক [সূত্র বসিয়ে]}$$

$$= 3.1416 \times 6^2 \times (6+12) \text{ ঘন সেমি [চিত্র হতে মান বসিয়ে]}$$





৮ম অধ্যায় (অনুশীলনীঃ ৯-১৪ প...

$$= 2035.7568 \text{ ঘন সেমি}$$

কোণকের আয়তন

$$= \frac{1}{3} \pi r^2 h \text{ ঘন একক [সূত্র বসিয়ে]}$$

$$= \frac{1}{3} \times 3.1416 \times 6^2 \times 12 \text{ ঘন সেমি [চিত্র হতে মান বসিয়ে]}$$

$$= 452.3904 \text{ ঘন সেমি}$$

অর্ধগোলকের আয়তন

$$= \frac{2}{3} \pi r^3 \text{ ঘন একক [সূত্র বসিয়ে]}$$

$$= \frac{2}{3} \times 3.1416 \times 6^3 \text{ ঘন সেমি}$$

$$= 452.3904 \text{ ঘন সেমি}$$

∴ সিলিন্ডারের ফাঁকা অংশের আয়তন

$$= \text{সিলিন্ডারের আয়তন} - \text{কোণকের আয়তন} - \text{অর্ধগোলকের আয়তন}$$

$$= 2035.7568 \text{ ঘন সেমি} - 452.3904 \text{ ঘন সেমি} - 452.3904 \text{ ঘন সেমি}$$

$$= 1130.976 \text{ ঘন সেমি}$$

(iv) অর্ধগোলক, কোণক ও সিলিন্ডারের আয়তনের অনুপাত কত?

সমাধানঃ

অর্ধগোলকের আয়তন : কোণকের আয়তন : সিলিন্ডারের আয়তন

$$= 452.3904 : 452.3904 : 2035.7568 \text{ [(ii) নং হতে মান বসিয়ে]}$$

$$= 1 : 1 : 4.5 \text{ [452.3904 দ্বারা ভাগ করে]}$$

$$= 2 : 2 : 9 \text{ [2 দ্বারা গুণ করে]}$$





অধ্যায় - ৯

বিস্তার পরিমাপ - Class 9 Math BD 2024 – নবম অধ্যায় (অনুশীলনীঃ ১-৫ পর্যন্ত)

বিস্তার পরিমাপ

এই অধ্যায়ের নাম বিস্তার পরিমাপ যেখানে আমরা নানান বিষয়ে ধারণা পাব। যেমনঃ অবিন্যস্ত ও বিন্যস্ত উপাত্তের পরিসর নির্ণয়; গাণিতিক গড় ও মধ্যক থেকে গড় ব্যবধান নির্ণয়; পরিমিত ব্যবধান নির্ণয়, ভেদক নির্ণয় ও পরিমিত ব্যবধান নির্ণয়। এই অংশে আমরা বিস্তার পরিমাপ এর অনুশীলনীর ১-৫ পর্যন্ত সমাধান দিয়েছি। বাকী অংশ পরের পোস্টে দেয়া হয়েছে।



অনুশীলনী-১০ (১ম অংশ)

১. নিচের তথ্যরাশির পরিসর নির্ণয় করো।

ক) 14, 3, 19, 17, 4, 9, 16, 19, 22, 15, 18, 17, 12, 8, 16, 11, 3, 11, 0, 15



Tk.100 off
your first order!





নবম অধ্যায় (অনুশীলনীঃ ১-৫ প...

সমাধানঃ

তথ্যরাশির সর্বোচ্চ মান = 22 এবং সর্বনিম্ন মান = 0

∴ পরিসর

= (সর্বোচ্চ মান - সর্বনিম্ন মান)

= (22-0)

= 22

খ) 48, 70, 58, 40, 43, 55, 63, 46, 56, 44

সমাধানঃ

তথ্যরাশির সর্বোচ্চ মান = 70 এবং সর্বনিম্ন মান = 40

∴ পরিসর

= (সর্বোচ্চ মান - সর্বনিম্ন মান)

= (70-40)

= 30

গ)

উচ্চতা (সেমি)	গণসংখ্যা
95-105	8
105-115	12
115-125	28
125-135	30
135-145	15
145-155	7

সমাধানঃ

এখানে, সর্বশেষ শ্রেণির উচ্চসীমা = 155 ও প্রথম শ্রেণির নিম্নসীমা = 95

∴ পরিসর



← নবম অধ্যায় (অনুশীলনীঃ ১-৫ প...

$$= 155 - 95$$

$$= 60$$

২। নিচের তথ্যরাশির গাণিতিক গড় ও মধ্যক থেকে গড় ব্যবধান নির্ণয় করো।

ক) 8, 15, 53, 49, 19, 62, 7, 15, 95, 77

সমাধানঃ

গাণিতিক গড় থেকে গড় ব্যবধান নির্ণয়ঃ

গাণিতিক গড় থেকে গড় ব্যবধান নির্ণয়ের জন্য সারণি তৈরি করিঃ

X_i (তথ্যরাশির মান)	\bar{X} (গাণিতিক গড়)	$ x_i - \bar{X} $
8	$= \frac{\sum x_i}{n}$	32
15	$= \frac{400}{10}$	25
53	$= 40$	13
49	এখানে,	9
19	$n =$ তথ্যরাশির মানের সংখ্যা	21
62	$\sum x_i =$ তথ্যরাশির মানগুলোর	22
7	যোগফল	33
15		25
95		55
77		37
$n=10; \sum x_i = 400$		$\sum x_i - \bar{X} = 272$

এখন, অবিন্যস্ত উপাস্তের ক্ষেত্রে,


গড় ব্যবধান, $M.D(\bar{X})$

$$\begin{aligned} & \frac{\sum |x_i - \bar{X}|}{n} \\ &= \frac{272}{10} \\ &= 27.2 \end{aligned}$$

মধ্যক থেকে গড় ব্যবধান নির্ণয়ঃ

প্রদত্ত তথ্যরাশিকে মানের উর্ধ্বক্রমে সাজিয়ে পাই,

7, 8, 15, 15, 19, 49, 53, 62, 77, 95



← নবম অধ্যায় (অনুশীলনীঃ ১-৫ প...

∴ মধ্যক $M_e = (19+49) \div 2 = 34$

মধ্যক থেকে গড় ব্যবধান নির্ণয়ের জন্য সারণি তৈরি করিঃ

X_i (তথ্যরাশির মান)	M_e (মধ্যক)	$ x_i - M_e $
8	34	26
15		19
53		19
49		15
19		15
62		28
7		27
15		19
95		61
77		43
$n=10$		$\sum x_i - M_e = 272$

এখন, অবিন্যস্ত উপাত্তের ক্ষেত্রে,

গড় ব্যবধান, $M.D(M_e)$

$$\begin{aligned} & \frac{\sum |x_i - M_e|}{n} \\ & = \frac{272}{10} \\ & = 27.2 \end{aligned}$$


খ) 10, 15, 54, 59, 19, 62, 98, 8, 25, 95, 77, 46, 36

সমাধানঃ

গাণিতিক গড় থেকে গড় ব্যবধান নির্ণয়:

গাণিতিক গড় থেকে গড় ব্যবধান নির্ণয়ের জন্য সারণি তৈরি করিঃ

X_i (তথ্যরাশির মান)	\bar{x} (গাণিতিক গড়)	$ x_i - \bar{x} $
10	$= \frac{\sum x_i}{n}$	36.46
15	$= \frac{604}{13}$	31.46
54	$= 46.46$ (শ্রাঘ)	7.54
59	এখানে,	12.54
19	$n =$ তথ্যরাশির মানের সংখ্যা	27.46
62		15.54
98		51.54
8	$\sum x_i =$ তথ্যরাশির মানগুলোর যোগফল	38.46
25		21.46



← নবম অধ্যায় (অনুশীলনীঃ ১-৫ প...

95	48.54
77	30.54
46	0.46
36	10.46
n=13; $\sum x_i = 604$	$\sum x_i - \bar{x} = 332.46$

এখন, অবিন্যস্ত উপাত্তের ক্ষেত্রে,

গড় ব্যবধান, M.D(\bar{x})

$$\begin{aligned} & \frac{\sum |x_i - \bar{x}|}{n} \\ &= \frac{332.46}{13} \\ &= 25.57 \text{ (প্রায়)} \end{aligned}$$

মধ্যক থেকে গড় ব্যবধান নির্ণয়:

প্রদত্ত তথ্যরাশিকে মানের উর্ধ্বক্রমে সাজিয়ে পাই,


8, 10, 15, 19, 25, 36, 46, 54, 59, 62, 77, 95, 98

∴ মধ্যক $M_e = 46$

মধ্যক থেকে গড় ব্যবধান নির্ণয়ের জন্য সারণি তৈরি করি:

X_i (তথ্যরাশির মান)	M_e (মধ্যক)	$ x_i - M_e $
10	46	36
15		31
54		8
59		13
19		27
62		16
98		52
8		38
25		21
95		49
77		31
46		0
36		10
n=13		$\sum x_i - M_e = 332$

এখন, অবিন্যস্ত উপাত্তের ক্ষেত্রে,





নবম অধ্যায় (অনুশীলনীঃ ১-৫ প...

গড় ব্যবধান, M.D(M_e)

$$\begin{aligned} & \frac{\sum |x_i - M_e|}{n} \\ &= \frac{332}{13} \\ &= 25.5384615 \end{aligned}$$

৩। প্রদত্ত উপাত্তের গাণিতিক গড় ও মধ্যক থেকে গড় ব্যবধান নির্ণয় করো।

x	f
60	2
61	0
62	15
63	30
64	25
65	12
66	11
67	5


সমাধানঃ

গাণিতিক গড় থেকে গড় ব্যবধান নির্ণয়ের জন্য সারণি তৈরি করি।

x	f	fx	$ x - \bar{X} $	$f x - \bar{X} $
60	2	120	3.81	7.62
61	0	0	2.81	0
62	15	930	1.81	27.15
63	30	1890	0.81	24.3
64	25	1600	0.19	4.75
65	12	780	1.19	14.28
66	11	726	2.19	24.09
67	5	335	3.19	15.95
	n=100	$\sum fx = 6381$; $\bar{X} = \frac{\sum fx}{n}$ $= \frac{6381}{100}$ $= 63.81$		$\sum f x - \bar{X} $ $= 118.14$

∴ গড় ব্যবধান, M.D(\bar{X})

$$\begin{aligned} & \frac{\sum f|x_i - \bar{X}|}{n} \\ &= \frac{118.14}{100} \end{aligned}$$



আবার,

মধ্যক থেকে গড় ব্যবধান নির্ণয়ের জন্য সারণি তৈরি করি।

x	f	f.এর ক্রমযোজিত মান	x-M _e	f x- M _e
60	2	2	4	8
61	0	2	3	0
62	15	17	2	30
63	30	47	1	30
64	25	72	0	0
65	12	84	1	12
66	11	95	2	22
67	5	100	3	15
	n=100; n/2 = 50; n/2 + 1 = 51	∴ 48 -72 তম পদ 64; ∴ 50 ও 52 তম পদ 64; ∴ M _e = (64 + 64) ÷ 2 = 64		∑f x- M _e = 117

∴ গড় ব্যবধান, M.D(M_e)

$$\begin{aligned} & \frac{\sum f|x_i - M_e|}{n} \\ & = \frac{117}{100} \\ & = 1.17 \end{aligned}$$

৪। প্রতিদিন রিক্সায় স্কুলে আসা যাওয়া বাবদ সবুজ ও মৌলির যথাক্রমে 50 ও 80 টাকা খরচ হয়।


ক) সবুজ ও মৌলির খরচের পরিমিত ব্যবধান নির্ণয় করো।

সমাধানঃ

সবুজ ও মৌলির খরচ যথাক্রমে 50 ও 80 টাকা।

এই তথ্য থেকে নিচের সারণিটি তৈরি করিঃ

x	x ²
50	2500
80	6400





নবম অধ্যায় (অনুশীলনীঃ ১-৫ প...

$$\Sigma x = 130$$

$$\Sigma x^2 = 8900$$

এখন,

ভেদাঙ্ক, σ^2

$$= (\Sigma x^2/n) - (\Sigma x/n)^2$$

$$= (8900/2) - (130/2)^2$$

$$= 4450 - 4225$$

$$= 225$$

$$\therefore \text{পরিমিত ব্যবধান, } \sigma = \sqrt{\sigma^2} = \sqrt{225} = 15$$

খ) দেখাও যে, উপাত্ত দুটির গড় ব্যবধান পরিসরের অর্ধেক।

সমাধানঃ

গাণিতিক গড় থেকে গড় ব্যবধান নির্ণয়ের জন্য সারণি তৈরি করিঃ

X_i	\bar{X}	$ x_i - \bar{X} $
50	$= \Sigma x_i/n$	15
80	$= 130/2$	15
	$= 65$	
$n=2; \Sigma x_i = 130$		$\Sigma x_i - \bar{X} = 30$

এখন, অবিন্যস্ত উপাত্তের ক্ষেত্রে,

গড় ব্যবধান, $M.D(\bar{X})$

$$\frac{\Sigma |x_i - \bar{X}|}{n}$$

$$= \frac{30}{2}$$

$$= 15$$


$$= 15$$

এবং,

If it is helpful for you,
donate us please

Bkash Personal

01916973743





নবম অধ্যায় (অনুশীলনীঃ ১-৫ প...

$$\text{পরিসর} = 80 - 50 = 30$$

∴ উপাত্ত দুটির গড় ব্যবধান পরিসরের অর্ধেক [দেখানো হলো]

৫। থানা স্বাস্থ্য কেন্দ্রের বহির্বিভাগ চিকিৎসাসেবা নিতে আসা কোনো এক দিনের রোগীর সংখ্যার তথ্য নিম্নরূপ:

বয়স	রোগীর সংখ্যা
0-15	15
15-30	4
30-45	5
45-60	9
60-75	7
75-90	10

ক) ভেদাঙ্কের মান কখন সর্বনিম্ন হয়? ব্যাখ্যা করো।

সমাধানঃ

x_i এর মানগুলো যখন তাদের গাণিতিক গড় \bar{x} এর অধিক নিকটবর্তী হয় তখন ভেদাঙ্কের মান সর্বনিম্ন হয়।

ব্যাখ্যাঃ


ভেদাঙ্ক নির্ণয়ে $\sum(x_i - \bar{x})^2$ কে আমরা তুলনা করে উপরোক্ত তথ্যের সত্যতা ব্যাখ্যা করতে পারি। কারণ এখানে x_i ও \bar{x} এর মান যত কাছাকাছি হবে $x_i - \bar{x}$ বা $\sum(x_i - \bar{x})^2$ এর মানও ততো ছোট হবে।

খ) উপাত্তের গড় ব্যবধান ও পরিমিত ব্যবধান নির্ণয় করে তুলনা করো।

সমাধানঃ

গড় ব্যবধান নির্ণয়ের জন্য সারণি তৈরি করিঃ

শ্রেণি	f	শ্রেণি মধ্যমান x	fx	$ x - \bar{x} $	$f x - \bar{x} $
0-15	15	7.5	112.5	35.7	535.5
15-30	4	22.5	90	20.7	82.8
30-45	5	37.5	187.5	5.7	28.5
45-60	9	52.5	472.5	9.3	83.7
60-75	7	67.5	472.5	24.3	170.1
75-90	10	82.5	825	39.3	393
	n = 50		$\sum fx = 2160$ $\therefore \bar{x} = 2160/50$ $= 43.2$		$\sum f x - \bar{x} = 1293.6$





নবম অধ্যায় (অনুশীলনীঃ ১-৫ প...

∴ গড় ব্যবধান, $M.D(\bar{X})$

$$\begin{aligned} & \frac{\sum f|x_i - \bar{X}|}{n} \\ &= \frac{1293.6}{50} \\ &= 25.872 \end{aligned}$$

পরিমিত ব্যবধান নির্ণয়ের জন্য সারণি তৈরি করিঃ

শ্রেণি	f	শ্রেণি মধ্যমান x	d = (x-a)/h	fd	fd ²
0-15	15	7.5	-2	-30	45
15-30	4	22.5	-1	-4	4
30-45	5	37.5 = a	0	0	0
45-60	9	52.5	1	9	9
60-75	7	67.5	2	14	28
75-90	10	82.5	3	30	90
	n = 50			$\sum fd = 19$	$\sum fd^2 = 176$

∴ ভেদাঙ্ক, σ^2


$$\begin{aligned} &= \left\{ \frac{\sum fd^2}{n} - \left(\frac{\sum fd}{n} \right)^2 \right\} \times h^2 \\ &= \left\{ \frac{176}{50} - \left(\frac{19}{50} \right)^2 \right\} \times 15^2 \\ &= (3.52 - 0.1444) \times 15^2 \\ &= 759.51 \end{aligned}$$

∴ পরিমিত ব্যবধান, $\sigma = \sqrt{\sigma^2} = \sqrt{759.51} = 27.559$ (প্রায়)

If it is helpful for you,
donate us please

Bkash Personal

01916973743





অধ্যায় - ৯

বিস্তার পরিমাপ (২) - Class 9 Math BD 2024 – নবম অধ্যায়
(অনুশীলনীঃ ৬-১০ পর্যন্ত)

বিস্তার পরিমাপ (২)

এই অংশে ৬-১০ নং প্রশ্নের সমাধান করেছি যার নাম বিস্তার পরিমাপ (২) রেখেছি। এখান থেকে অনেক বিষয়ের ধারণা পাবে তোমরা। যেমনঃ নিবেশন সারণি, গাণিতিক গড়, শ্রেণি ব্যাপ্তি, গণসংখ্যা, মধ্যক, গড়, গড় ব্যবধান, পরিমিত ব্যবধান। বিস্তার পরিমাপ অধ্যায়টি ৯ম শ্রেণির শেষ অধ্যায়; আমরা পূর্বে এটার ১-৫ পর্যন্ত সমাধান দিয়েছি। সেই লিঙ্ক নিচে দেয়া হলোঃ-

১ম অংশঃ এখানে দেখ

অনুশীলনী-১০ (২য় অংশ)

৬। নিচের গণসংখ্যা নিবেশন সারণির গাণিতিক গড় 33.2। গাণিতিক গড় নির্ণয় করে p এর মান নির্ণয় করো।

শ্রেণি ব্যাপ্তি	গণসংখ্যা
0-10	8
10-20	12
20-30	p
30-40	30
40-50	15
50-60	10
60-70	5

সমাধানঃ

গাণিতিক গড় নির্ণয়ের জন্য সারণি তৈরি করিঃ





নবম অধ্যায় (অনুশীলনীঃ ৬-১০...

শ্রেণি ব্যাপ্তি	শ্রেণির মধ্যবিন্দু X_i	f_i	$U_i = (x_i - a)/h$	$f_i u_i$
0-10	5	8	-2	-16
10-20	15	12	-1	-12
20-30	$25 = a$	P	0	0
30-40	35	30	1	30
40-50	45	15	2	30
50-60	55	10	3	30
60-70	65	5	4	20
$h = 10$		$n = p+80$		$\sum f_i u_i = 82$

\therefore গাণিতিক গড়, \bar{x}

$$= a + (\sum f_i u_i / n) \times h$$

$$= 25 + \frac{82}{P+80} \times 10$$

$$= 25 + \frac{820}{P+80}$$

$$= \frac{25p+2000+820}{P+80}$$

$$= \frac{(25p+2820)}{(P+80)}$$

শর্তমতে,

$$\bar{x} = 33.2$$

$$\text{বা, } \frac{(25p+2820)}{(P+80)} = 33.2$$

$$\text{বা, } 25p+2820 = 33.2(p+80)$$

$$\text{বা, } 25p+2820 = 33.2p+2656$$

$$\text{বা, } 25p-33.2p = 2656-2820$$

$$\text{বা, } -8.2p = -164$$

$$\text{বা, } p = 20$$

If it is helpful for you,
donate us please

Bkash Personal

01916973743



নবম অধ্যায় (অনুশীলনীঃ ৬-১০...

[বিদ্রঃ পাঠ্যবইয়ে এই প্রশ্নে গাণিতিক গড় ব্যবধান 33.2 বলা হয়েছে, কিন্তু পাঠ্যবইয়ের আলোচনার ক্ষেত্রে গড় ব্যবধানকে কখনো গাণিতিক গড় ব্যবধান বলা হয় নাই, আর এই ক্ষেত্রে আমাদের কাছে এই প্রশ্নটাকে কমপ্লিকেটেড মনে হয়েছে, তাই আমরা গাণিতিক গড় ধরে আমাদের মত করে সমাধান করেছি, তোমাদের মতামত জানিও-আমরা আরও যাচাই করব ভবিষ্যতে।]

৭। নিপার একটি ফুলের বাগান আছে। বাগানটিতে 60টি বিভিন্ন জাতের ফুল গাছ আছে। গাছগুলোর উচ্চতার (সেন্টিমিটারে) মধ্যক 28.5।

উচ্চতা (সেমি)	গাছের সংখ্যা
0-10	5
10-20	x
20-30	20
30-40	15
40-50	y
50-60	5

ক) x ও y এর মান নির্ণয় করে সারণিটি পূরণ করো।

সমাধানঃ

এখানে, $n =$ গাছের সংখ্যার সমষ্টি $= 5+y+15+20+x+5 = x+y+45$

আবার, দেওয়া আছে $n = 60$.

$$\therefore x+y+45 = 60$$

$$\text{বা, } x+y = 60-45$$

$$\text{বা, } x+y = 15 \dots\dots (i)$$

আবার, দেওয়া আছে,


মধ্যক $M_e = 28.5$ যা নির্দেশ করে এই মান উচ্চতা শ্রেণি 20-30 এ রয়েছে।

তাহলে, এখানে,

$$20-30 \text{ শ্রেণির নিম্নসীমা, } L = 20;$$

$$n/2 = 30;$$

$$20-30 \text{ এর পূর্বের শ্রেণির ক্রমজোড়িত গাছের সংখ্যা, } F_c = 5+x;$$





নবম অধ্যায় (অনুশীলনীঃ ৬-১০...

শ্রেণি ব্যবধান, $h = 10$;

20-30 শ্রেণিতে গাছের সংখ্যা, $f_m = 20$

$$\therefore M_e = L + \left(\frac{n}{2} - F_c\right) \times \frac{h}{f_m}$$

$$\text{বা, } 28.5 = 20 + (30-5-x) \times \frac{10}{20}$$

$$\text{বা, } 28.5 = 20 + (25-x) \times \frac{1}{2}$$

$$\text{বা, } (25-x) \times \frac{1}{2} = 28.5-20$$

$$\text{বা, } (25-x) \times \frac{1}{2} = 8.5$$

$$\text{বা, } (25-x) = 17$$

$$\text{বা, } -x = 17-25$$

$$\text{বা, } -x = -8$$

$$\text{বা, } x = 8$$

এখন, $x=8$, (i) নং এ বসিয়ে পাই,

$$8+y = 15$$


$$\text{বা, } y = 15-8 = 7$$

$\therefore x$ ও y এর মান নির্ণয় পূর্বক সারণিটি নিম্নরূপঃ

উচ্চতা (সেমি)	গাছের সংখ্যা
0-10	5
10-20	8
20-30	20
30-40	15
40-50	7
50-60	5

খ) সংক্ষিপ্ত পদ্ধতিতে গাছগুলোর উচ্চতার গড় নির্ণয় করো।

সমাধানঃ



← নবম অধ্যায় (অনুশীলনীঃ ৬-১০...

সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের জন্য নিচের সারণিটি প্রস্তুত করিঃ

উচ্চতা (সেমি)	x_i	f_i	$u_i = (x_i - a)/h$	$f_i u_i$
0-10	5	5	-3	-15
10-20	15	8	-2	-16
20-30	25	20	-1	-20
30-40	35 = a	15	0	0
40-50	45	7	1	7
50-60	55	5	2	10
h=10		n=60		$\sum f_i u_i = -34$

∴ সংক্ষিপ্ত পদ্ধতিতে গাছগুলোর উচ্চতার গড়

$$= a + (\sum f_i u_i / n) \times h$$

$$= 35 + (-34/60) \times 10$$

$$= 35 - 5.67$$

$$= 29.33 \text{ (প্রায়)}$$

গ) গাছগুলোর উচ্চতার মধ্যক থেকে গড় ব্যবধান নির্ণয় করো।

সমাধানঃ

দেওয়া আছে, গাছগুলোর উচ্চতার মধ্যক, $M_e = 28.5$

মধ্যক থেকে গড় ব্যবধান নির্ণয়ের জন্য নিচের সারণিটি তৈরি করিঃ


উচ্চতা (সেমি)	x_i	f_i	$ x_i - M_e $	$f_i x_i - M_e $
0-10	5	5	23.5	117.5
10-20	15	8	13.5	108
20-30	25	20	3.5	70
30-40	35	15	6.5	97.5
40-50	45	7	16.5	115.5
50-60	55	5	26.5	132.5
h=10		n=60		$\sum f_i x_i - M_e = 641$

∴ মধ্যক হতে নির্ণিত গড় ব্যবধান

$$\frac{\sum f_i |x_i - M_e|}{n}$$

$$= \frac{641}{60}$$

$$= 10.68$$





নবম অধ্যায় (অনুশীলনীঃ ৬-১০...

= 10.68 (প্রায়)

ঘ) গাছগুলোর উচ্চতার গড় থেকে পরিমিত ব্যবধান নির্ণয় করো।

সমাধানঃ

খ থেকে পাই, গাছগুলোর উচ্চতার গড়, $\bar{X} = 29.33$

উচ্চতার গড় থেকে পরিমিত ব্যবধান নির্ণয়ের জন্য নিচের সারণি তৈরি করিঃ

উচ্চতা (সেমি)	x_i	f_i	$(x_i - \bar{X})^2$	$f_i(x_i - \bar{X})^2$
0-10	5	5	591.9489	2959.745
10-20	15	8	205.3489	1642.791
20-30	25	20	18.7489	374.978
30-40	35	15	32.1489	482.2335
40-50	45	7	245.5489	1718.842
50-60	55	5	658.9489	3294.745
$h=10$		$n=60$		$\sum f_i(x_i - \bar{X})^2 = 10473.33$



\therefore ভেদাঙ্ক, σ^2

$$\begin{aligned} & \frac{\sum f_i(x_i - \bar{X})^2}{n} \\ & = \frac{10473.33}{60} \end{aligned}$$

$$= 174.5555$$

\therefore পরিমিত ব্যবধান, $\sigma = \sqrt{\sigma^2} = \sqrt{174.5555} = 13.2119$ (প্রায়)

৮. পাশের ছবিটি লক্ষ করো। ছবিতে ছয় জন শিক্ষার্থীর উচ্চতা সেন্টিমিটারে দেওয়া আছে।





নবম অধ্যায় (অনুশীলনীঃ ৬-১০...



শিক্ষার্থীদের উচ্চতার -

ক) গড় ও মধ্যক নির্ণয় করো।

সমাধানঃ

ছবি হতে প্রাপ্ত ছয় জন শিক্ষার্থীর উচ্চতা যথাক্রমেঃ 161, 163, 140, 170, 173, 150

∴ উচ্চতার গড়

$$\frac{\text{উচ্চতাগুলোর যোগফল}}{\text{শিক্ষার্থীর সংখ্যা}}$$

$$\frac{161+163+140+170+173+150}{6}$$

$$= \frac{957}{6}$$

$$= 159.5 \text{ সেমি}$$

$$= 159.5 \text{ সেমি}$$

আবার,

উচ্চতাগুলোকে মানের উর্ধ্বক্রমে সাজিয়ে পাই,

140, 150, 161, 163, 170, 173

∴ উচ্চতার মধ্যক

$$\frac{161+163}{2}$$

$$= \frac{324}{2}$$

$$= 162$$


খ) গড় ও মধ্যক থেকে গড় ব্যবধান নির্ণয় করো।

সমাধানঃ

If it is helpful for you,
donate us please

Bkash Personal

01916973743





নবম অধ্যায় (অনুশীলনীঃ ৬-১০...

ক হতে পাই, গড়, $\bar{X} = 159.5$

গড় থেকে গড় ব্যবধান নির্ণয়ের সারণি তৈরি করিঃ

x_i	$ x_i - \bar{X} $
161	1.5
163	3.5
140	19.5
170	10.5
173	13.5
150	9.5
$n=6$	$\sum x_i - \bar{X} = 58$

\therefore গড় ব্যবধান, $MD(\bar{X})$

$$\begin{aligned} & \frac{\sum |x_i - \bar{X}|}{n} \\ &= \frac{58}{6} \end{aligned}$$

= 9.667 (প্রায়)

আবার,


ক হতে পাই, মধ্যক, $M_e = 162$

মধ্যক থেকে গড় ব্যবধান নির্ণয়ের সারণি তৈরি করিঃ

x_i	$ x_i - M_e $
161	1
163	1
140	22
170	8
173	11
150	12
$n=6$	$\sum x_i - M_e = 55$

\therefore গড় ব্যবধান, $MD(M_e)$

$$\begin{aligned} & \frac{\sum |x_i - M_e|}{n} \\ &= \frac{55}{6} \end{aligned}$$





নবম অধ্যায় (অনুশীলনীঃ ৬-১০...

= 9.167 (প্রায়)

গ) গড় ও মধ্যক থেকে পরিমিত ব্যবধান নির্ণয় করো।

সমাধানঃ

ক হতে পাই, গড়, $\bar{x} = 159.5$

গড় হতে পরিমিত ব্যবধান নির্ণয়ে সারণি তৈরি করিঃ

x_i	$x_i - \bar{x}$	$(x_i - \bar{x})^2$
161	1.5	2.25
163	3.5	12.25
140	-19.5	380.25
170	10.5	110.25
173	13.5	182.25
150	-9.5	90.25
$n=6$		$\Sigma(x_i - \bar{x})^2 = 777.5$

\therefore ভেদাঙ্ক, σ^2

$$\frac{\Sigma(x_i - \bar{x})^2}{n}$$

$$= \frac{777.5}{6}$$

$$= 129.583333$$


\therefore পরিমিত ব্যবধান, $\sigma = \sqrt{\sigma^2} = \sqrt{129.583333} = 11.3834$ (প্রায়)

আবার,

ক হতে পাই, মধ্যক, $M_e = 162$

মধ্যক হতে পরিমিত ব্যবধান নির্ণয়ে সারণি তৈরি করিঃ

x_i	$x_i - M_e$	$(x_i - M_e)^2$
161	-1	1
163	1	1
140	-22	484
170	8	64
173	11	121
150	-12	144



← নবম অধ্যায় (অনুশীলনীঃ ৬-১০...

$$n=6$$

$$\sum(x_i - M_e)^2 = 815$$

∴ ভেদাঙ্ক, σ^2

$$= \frac{\sum(x_i - M_e)^2}{n}$$

$$= \frac{815}{6}$$

$$= 135.833333$$

∴ পরিমিত ব্যবধান, $\sigma = \sqrt{\sigma^2} = \sqrt{135.833333} = 11.6547$ (প্রায়)

৯। দশ সদস্যের একটি নমুনার গাণিতিক গড় ও পরিমিত ব্যবধান যথাক্রমে 9.5 এবং 2.5। পরে 15 মানের আরও একটি সদস্য নমুনায় অন্তর্ভুক্ত করা হলো। তাহলে, এগারো সদস্যবিশিষ্ট নমুনার গাণিতিক গড় ও পরিমিত ব্যবধান নির্ণয় করো।

সমাধানঃ

এগারো সদস্যবিশিষ্ট নমুনার গাণিতিক গড় নির্ণয়ঃ

দেওয়া আছে,

$$10 \text{ সদস্যের নমুনার গাণিতিক গড়} = 9.5$$

$$\therefore 10 \text{ সদস্যের নমুনার মানের সমষ্টি} = 9.5 \times 10 = 95$$

$$\text{এখন, } 15 \text{ মানের আরও এক সদস্যের নমুনা যোগ করলে, নমুনার মানের সমষ্টি হয়} = 95 + 15 = 110$$


$$\therefore 11 \text{ সদস্যের ক্ষেত্রে গাণিতিক গড়} = \frac{110}{11} = 10$$

এগারো সদস্যবিশিষ্ট নমুনার পরিমিত ব্যবধান নির্ণয়ঃ

দেওয়া আছে,

$$\sigma = 2.5$$

$$\text{বা, } \sigma^2 = 6.25$$





নবম অধ্যায় (অনুশীলনীঃ ৬-১০...

$$\text{বা, } \frac{1}{n} \sum_{i=1}^{10} x_i^2 - \left(\frac{\sum_{i=1}^{10} x_i}{n} \right)^2 = 6.25$$

$$\text{বা, } \frac{1}{10}(x_1^2 + x_2^2 + \dots + x_{10}^2) - (95/10)^2 = 6.25 \quad [\because 10 \text{ সদস্যের নমুনার মানের সমষ্টি} = 9.5 \times 10 = 95]$$

$$\text{বা, } \frac{1}{10}(x_1^2 + x_2^2 + \dots + x_{10}^2) - 90.25 = 6.25$$

$$\text{বা, } \frac{1}{10}(x_1^2 + x_2^2 + \dots + x_{10}^2) = 96.5$$

$$\text{বা, } (x_1^2 + x_2^2 + \dots + x_{10}^2) = 965$$

$$\text{বা, } x_1^2 + x_2^2 + \dots + x_{10}^2 + 15^2 = 965 + 15^2 \quad [\text{উভয়পক্ষে } 15^2 \text{ যোগ করে}]$$

$$\text{বা, } x_1^2 + x_2^2 + \dots + x_{10}^2 + 15^2 = 1190$$

$$\text{বা, } x_1^2 + x_2^2 + \dots + x_{11}^2 = 1190 \quad [\because 11 \text{ তম পদ } 15]$$

$$\text{আবার, } 11 \text{টি নমুনার সমষ্টি} = 95 + 15 = 110 \quad [\text{প্রথম অংশে দ্রষ্টব্য}]$$

$$\text{অর্থাৎ, } x_1 + x_2 + \dots + x_{11} = 110$$

\(\therefore\) এগারো সদস্যবিশিষ্ট নমুনার ভেদাংক

$$= \frac{1}{n} \sum_{i=1}^{11} x_i^2 - \left(\frac{\sum_{i=1}^{11} x_i}{n} \right)^2$$


$$= \frac{1190}{11} - \left(\frac{110}{11} \right)^2$$

$$= 108.1818 - 100$$

$$= 8.1818 \quad (\text{প্রায়})$$

\(\therefore\) এগারো সদস্যবিশিষ্ট নমুনার পরিমিত ব্যবধান

$$= \sqrt{8.1818} = 2.86 \quad (\text{প্রায়})$$





নবম অধ্যায় (অনুশীলনীঃ ৬-১০...

১০। 100 টি কোম্পানির বার্ষিক মুনাফার (কোটি টাকায়) তথ্য নিচে দেওয়া হলো:

মুনাফা (কোটি টাকায়)	কোম্পানির সংখ্যা
0-10	7
10-20	12
20-30	22
30-40	30
40-50	20
50-60	9

উপাত্তের গাণিতিক গড় হতে গড় ব্যবধান ও পরিমিত ব্যবধান নির্ণয় করো।

সমাধানঃ

প্রদত্ত উপাত্ত হতে গাণিতিক গড় নির্ণয়ের জন্য সারণি তৈরি করি।

মুনাফা (কোটি টাকায়)	x_i	f_i	$u_i = (x_i - a)/h$	$f_i u_i$
0-10	5	7	-3	-21
10-20	15	12	-2	-24
20-30	25	22	-1	-22
30-40	35 = a	30	0	0
40-50	45	20	1	20
50-60	55	9	2	18
h = 10		n = 100		$\sum f_i u_i = -29$

\therefore গাণিতিক গড়, \bar{X}

$$= a + (\sum f_i u_i / n) \times h$$

$$= 35 + (-29/100) \times 10$$


$$= 35 - 2.9$$

$$= 32.1$$

উপাত্তের গাণিতিক গড় হতে গড় ব্যবধান নির্ণয়ঃ

এর জন্য নিচের সারণিটি প্রস্তুত করি যেখানে, $\bar{X} = 32.1$

মুনাফা (কোটি টাকায়)	x_i	f_i	$x_i - \bar{X}$	$f_i x_i - \bar{X} $
0-10	5	7	-27.1	189.7
10-20	15	12	-17.1	205.2
20-30	25	22	-7.1	156.2
30-40	35	30	2.9	87
40-50	45	20	12.9	258
50-60	55	9	22.9	206.1





নবম অধ্যায় (অনুশীলনীঃ ৬-১০...

h=10		n = 100	$\sum f_i x_i - \bar{X} = 1102.2$
------	--	---------	-------------------------------------

∴ গাণিতিক গড় হতে নির্ণীত গড় ব্যবধান

$$\begin{aligned} & \frac{\sum f_i |x_i - \bar{X}|}{n} \\ &= \frac{1102.2}{100} \\ &= 11.022 \end{aligned}$$

আবার,

উপাত্তের গাণিতিক গড় হতে পরিমিত ব্যবধান নির্ণয়ঃ

এর জন্য নিচের সারণিটি প্রস্তুত করি যেখানে, $\bar{X} = 32.1$

মুনাফা (কোটি টাকায়)	x_i	f_i	$(x_i - \bar{X})^2$	$f_i(x_i - \bar{X})^2$
0-10	5	7	734.41	5140.87
10-20	15	12	292.41	3508.92
20-30	25	22	50.41	1109.02
30-40	35	30	8.41	252.3
40-50	45	20	166.41	3328.2
50-60	55	9	524.41	4719.69
h=10		n = 100		$\sum f_i(x_i - \bar{X})^2 = 18059$

∴ σ^2

$$\begin{aligned} & \frac{\sum f_i(x_i - \bar{X})^2}{n} \\ &= \frac{18059}{100} \\ &= 180.59 \end{aligned}$$

∴ গাণিতিক গড় হতে নির্ণীত পরিমিত ব্যবধান = $\sqrt{180.59} = 13.438$ (প্রায়)

